

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০৩.২০২১-৬০৭

তারিখ: ০৩ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ।  
১৮ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ।


**প্রজ্ঞাপন**

যেহেতু, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন সগুনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব টিএম আব্দুল্লাহেল বাকী, আশ্রয়ণ প্রকল্পের ঘর দেয়ার নাম করে জনৈক শিউলি, ছকিনা, হালিমা, নাজমা ও শাহনাজ এর নিকট হতে অর্থ নেয়ার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, সিরাজগঞ্জ বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন সগুনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব টিএম আব্দুল্লাহেল বাকী, আশ্রয়ণ প্রকল্পের ঘর দেয়ার নাম করে জনৈক শিউলি, ছকিনা, হালিমা, নাজমা ও শাহনাজ এর নিকট হতে অর্থ নেয়ার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন সগুনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব টিএম আব্দুল্লাহেল বাকী কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪) (খ) ও (ঘ) অপরাধ সংঘটিত করায় ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

  
(মো: আবুজাফর রিপন পিএএ)  
উপসচিব  
ফোন: ০২২২৩৩৫৩৩৯৪  
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০৩.২০২১-৬০৭


তারিখ: ০৩ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ।  
১৮ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ।

**বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব টিএম আব্দুল্লাহেল বাকী, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), সগুনা ইউনিয়ন পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(মো: আবুজাফর রিপন পিএএ)  
উপসচিব